গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

**নম্বর:** ২৬.০০.০০০০.০০০.১৫৭.৩৩.০০০৮.১৮.১৭০

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

যেহেতু, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ড এসোসিয়েশন (বাফা) বাণিজ্য মন্ত্রণালয়ের লাইসেন্সপ্রাপ্ত একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন;

যেহেতু, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ড এসোসিয়েশন (বাফা) এর পরিচালনা পর্ষদ সাধারণ সদস্যদের কাছে কোনো হিসাব নিকাশ বা Audited Accounts উপস্থাপন করেন নাই;

যেহেতু, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ড এসোসিয়েশন (বাফা) এর বর্তমান কমিটি কারণ দর্শানোর নোটিশের সন্তোষজনক জবাব উপস্থাপন করতে পারেননি;

যেহেতু, বাফার বর্তমান পরিচালনা পর্ষদ কোভিড প্রণোদনার নামে সাধারণ সদস্যদের অনুমতি না নিয়ে নিজের ব্যক্তিগত ইচ্ছা অনুযায়ী বাফার ফান্ড কোটি টাকার উপরে নিজেদের পছন্দ মতো লিস্ট বানিয়ে বিতরণ করেছেন যার কোনো হিসাব বা বিবরণ সাধারণ সদস্যদের কাছে উপস্থাপন করেন নাই;

যেহেতু, বর্তমান পরিচালনা পর্ষদের সমন্বয়হীনতার কারণে বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭(১) অনুযায়ী-ব্যবসা, শিল্প, বাণিজ্য ও সেবাখাতের স্বার্থে সংগঠনটির সার্বিক কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়;

যেহেতু, বাণিজ্য মন্ত্রণালয়ের প্যানেল আইনজীবী বর্তমান পরিচালনা পর্ষদ বাতিল করে প্রশাসক নিয়োগের জন্য ইতিবাচক মতামত দিয়েছেন এবং বর্তমান পরিচালনা পর্ষদ নিজেদের ব্যর্থতার কারণে কার্যকর ভূমিকা রাখতে পারছে না;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ১৭ ধারা মোতাবেক সংগঠনটির পুনর্গঠিত পরিচালনা পর্ষদ বাতিলপূর্বক সরকারের অনুমোদনক্রমে বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব মিজ্ নাসরিন সুলতানা -কে বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ড এসোসিয়েশন এর প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো। তিনি ১২০ (একশত বিশ) দিনের মধ্যে একটি সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান সম্পন্ন করত: নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করে এ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

০৩-০৬-২০২৫
মুহাম্মদ রেহান উদ্দিন
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

নম্বর: ২৬.০০.০০০০.০০০.১৫৭.৩৩.০০০৮.১৮.১৭০/১ (৬)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। নিবন্ধক, নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, টিসিবি ভবন ১, কারওয়ান বাজার, ঢাকা।
২। জেলা প্রশাসক, ঢাকা।
৩। প্রশাসক, এফবিসিসিআই, ৬০ মতিঝিল বা/এ, ঢাকা।
৪। মিজ্ নাসরিন সুলতানা, উপসচিব (এফটিএ-৫ শাখা), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৫। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব এর সদয় অবগতির জন্য)।
৬। অফিস সচিব, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ড এসোসিয়েশন (বাফা), হাউজ নং-১০, (লেভেল ২ ও ৩), রোড নং-১৭ এ, ব্লক-

ই বনানী, ঢাকা-১২১৩।

০৪-০৬-২০২৫
তাহসিনা বেগম
উপসচিব